

**REGIONAL NEWS UNIT**  
**ALL INDIA RADIO, AGARTALA**  
**Date:04-10-2024**  
**Time: 07.35-07.40 AM Hrs**  
**BENGALI MORNING BULLETIN**

---

**CM-Bhumi Puja :**

মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ মানিক সাহা বলেছেন, Unity Mall বা একতা মল হচ্ছে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর স্বপ্নের প্রকল্প। প্রধানমন্ত্রী যে অখণ্ডতার বার্তা দেন এই মল হচ্ছে তার প্রতীক। আজ হাঁপানিয়ায় পুরাতন জুটমিল মাঠে পিএম একতা মলের ভূমি পূজন অনুষ্ঠানে একথা বলেন। তিনি বলেন এই মলটি স্থাপনের মাধ্যমে রাজ্যের মানুষের আর্থ-সামাজিক উন্নয়ন হবে। আজকের ভূমি পূজনের মাধ্যমে প্রধানমন্ত্রীর one product one district এর স্বপ্নের সূচনা হয়ে গেছে। তিনি বলেন এই মল নির্মাণের ক্ষেত্রে ১৫০কোটি টাকা বরাদ্দ করা হয়েছে। অনুষ্ঠানে শিল্প ও বাণিজ্য মন্ত্রী সান্তনা চাকমা বলেন এই মল গঠনের মাধ্যমে ত্রিপুরার মানুষ আত্মনির্ভর হয়ে উঠবে।

\*\*\*\*\*

**Sushanto Chowdhury:**

খাদ্য, জনসংভরণ ও ক্রেতা স্বার্থ দপ্তরের মন্ত্রী সুশান্ত চৌধুরী গতকাল আগরতলার কৃষ্ণনগর পুরাতন কালীবাড়ি রোডে এবং রামনগর ৪ নম্বরে স্পোর্টিং ক্লাব সংলগ্ন ন্যায্য মূল্যের দোকানে উৎসবের মরশুমে বিনামূল্যে ১কেজি চিনি, ২কেজি ময়দা ও ৫০০ গ্রাম সুজি প্রদানের আনুষ্ঠানিক উদ্বোধন করেন। উপস্থিত ছিলেন দপ্তরের অধিকর্তা নির্মল অধিকারী। মন্ত্রী শ্রী চৌধুরী বলেন সরকার তার প্রতিশ্রুতি রক্ষা করেছে এবং ইতিমধ্যে বিভিন্ন ন্যায্য মূল্যের দোকানে চিনি, ময়দা এবং সুজি প্রদান শুরু হয়েছে।

চিনির মূল্য বৃদ্ধি নিয়ে বিরোধীদের অভিযোগের জবাবে তিনি বলেন চিনির মূল্য বৃদ্ধি হয়েছে, তবে সেটি গোটা ভারতেই হয়েছে।

\*\*\*\*\*

**CM:**

মুখ্যমন্ত্রী প্রফেসর ডঃ মানিক সাহা বলেছেন, রাজ্যের সার্বিক বিকাশে এক্সটারনেলি এইডেড প্রকল্পগুলির গুরুত্বপূর্ণ ভূমিকা রয়েছে। অর্থ প্রদানকারী এজেন্সিগুলির নির্দিষ্ট শর্তাবলিগুলি মেনে প্রকল্পসমূহ রূপায়নে গুরুত্ব দেওয়া প্রয়োজন। গতকাল সচিবালয়ে রাজ্যে রূপায়িত এক্সটারনেলি এইডেড প্রকল্পগুলি পর্যালোচনা করে তিনি একথা বলেন। এইসব প্রকল্প রূপায়নে স্বচ্ছতার উপরও গুরুত্ব দিতে হবে বলে উল্লেখ করেন তিনি।

সভায় অর্থমন্ত্রী প্রণজিৎ সিংহ রায় এইসব প্রকল্পের নীতি নির্দেশিকা এবং সঠিক সময়ে রূপায়নের বিষয়ে বক্তব্য রাখেন। সভায় মুখ্যসচিব জে. কে. সিনহা, মুখ্যমন্ত্রীর সচিব ড. পি. কে. চক্রবর্তী, পূর্ত দপ্তরের সচিব কিরণ গিত্যে, অর্থ দপ্তরের সচিব অপূর্ব রায়, জনজাতি কল্যাণ দপ্তরের সচিব ব্রিজেশ পাণ্ডে সহ বিভিন্ন দপ্তরের উচ্চ পদস্থ আধিকারিকরা আলোচনায় অংশ নেন।

\*\*\*\*\*

**Puja-Law & Order :**

পশ্চিম জেলার পুলিশ সুপার কিরণ কুমার কে জানিয়েছেন, আসন্ন শারদোৎসবে আইন-শৃঙ্খলা শান্তিপূর্ণ রাখার জন্য আরক্ষা প্রশাসনের পক্ষ থেকে প্রয়োজনীয় সব ধরনের উদ্যোগ নেওয়া হয়েছে। গতকাল মুক্তধারা অডিটোরিয়ামে আইন শৃঙ্খলা বিষয়ক এক সভায় তিনি একথা জানান। পশ্চিম জেলা আরক্ষা প্রশাসন আয়োজিত এই সভায় জেলার অতিরিক্ত পুলিশ সুপার চিরঞ্জীব চক্রবর্তী, পূজা উদ্যোক্তাদের সরকারি নির্দেশিকা মেনে চলার

আহ্বান জানান। সভায় পশ্চিম ত্রিপুরা জেলার জেলাশাসক ডা. বিশাল কুমার আশা প্রকাশ করেন এবারের দুর্গোৎসব জেলা প্রশাসন, আরক্ষা প্রশাসন, সংশ্লিষ্ট দপ্তর ও ক্লাবগুলির সহযোগিতায় আনন্দময় হয়ে উঠবে। কারও সহযোগিতার প্রয়োজন হলে তিনি সিএম হেল্পলাইন ১৯০৫-এ ফোন করার অনুরোধ জানান।

তথ্য ও সংস্কৃতি দপ্তরের অধিকর্তা বিশ্বিসার ভট্টাচার্য বলেন, সরকারের সিদ্ধান্ত অনুযায়ী আগামী ১৪ই অক্টোবর মহারানী তুলসীবতী দ্বাদশ শ্রেণী বালিকা বিদ্যালয়ের সামনে থেকে মায়ের গমন অনুষ্ঠান শুরু হবে। মায়ের গমনে যে সকল ক্লাব ও পূজা কমিটি অংশ নিতে চায় তাদেরকে তথ্য ও সংস্কৃতি দপ্তরের অধিকর্তার কার্যালয়ে আগামী ৭ই অক্টোবরের মধ্যে অনলাইন বা অফলাইনে দরখাস্ত জমা দিতে হবে।

\*\*\*\*\*

#### **Classical language:**

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর পৌরোহিতে কেন্দ্রীয় মন্ত্রিসভার বৈঠকে মারাঠি, পালি, প্রাকৃত, অসমীয়া এবং বাংলা ভাষাকে ধ্রুপদী ভাষার মর্যাদা দেওয়ার প্রস্তাবে অনুমোদন দেওয়া হয়েছে। ধ্রুপদী ভাষাসমূহ ভারতের গভীর এবং প্রাচীন সাংস্কৃতিক ঐতিহ্যের রক্ষক হিসাবে ভূমিকা পালন করে আসছে ও প্রতিটি সম্প্রদায়ের ঐতিহাসিক ও সাংস্কৃতিক মাইলফলকের সারবত্তাকে মূর্ত করে। প্রধানমন্ত্রী এই সিদ্ধান্তে সন্তোষ ব্যক্ত করে তার বার্তায় বলেন মহান বাংলা ভাষাকে ধ্রুপদী ভাষার মর্যাদা দেওয়া হয়েছে আর তাও পবিত্র দুর্গা পূজার সময়েই। তিনি বলেন বাংলা সাহিত্য অসংখ্য মানুষকে বছরের পর বছর ধরে অনুপ্রাণিত করে আসছে। এই উপলক্ষে বিশ্ব জুড়ে সকল বাংলা ভাষাভাষীকে তিনি অভিনন্দন জানান।

উল্লেখ্য, ভারত সরকার, এখনও পর্যন্ত তামিল, সংস্কৃত, তেলুগু, কন্নড় ও মালয়ালম ভাষাকে ধ্রুপদী ভাষার মর্যাদা প্রদান করেছে।

\*\*\*\*\*

#### **PMBJP :**

সরকার এই বছরের ৩০শে সেপ্টেম্বর পর্যন্ত প্রধানমন্ত্রী ভারতীয় জনঔষধী পরियोजना, PMBJP-এর অধীনে সারা দেশে ১৩হাজার ৮২২টি জন ঔষধী কেন্দ্র প্রতিষ্ঠা করেছে। এই কেন্দ্রগুলি গত মাসে ২০০ কোটি টাকার রেকর্ড বিক্রি করেছে, যা PMBJP-এর ইতিহাসে সর্বোচ্চ মাসিক বিক্রি। রাসায়নিক ও সার মন্ত্রক বলেছে যে গত ১০বছরে, PMBJP-এর মাধ্যমে ৬,১০০কোটি টাকার ওষুধ বিক্রি হয়েছে, যার ফলে ব্র্যান্ডেড ওষুধের তুলনায় নাগরিকদের আনুমানিক ৩০হাজার কোটি টাকা সাশ্রয় হয়েছে। মন্ত্রক বলেছে যে গত বছরের সেপ্টেম্বরে সমস্ত কেন্দ্রে ১৪১ কোটি টাকা বিক্রি হয়েছিল, যা এক বছরে উল্লেখযোগ্য ৪২ শতাংশ বৃদ্ধি।

\*\*\*\*\*

#### **High Court bar association:**

আইনি পেশায় ৫০ বছর ধরে যুক্ত পাঁচজন প্রবীণ আইনজীবীকে গতকাল সংবর্ধনা দিয়েছে ত্রিপুরা হাইকোর্ট বার অ্যাসোসিয়েশন। বরিষ্ঠ আইনজীবী মণীষ কর ভৌমিক, কল্যাণ নারায়ণ ভট্টাচার্য, দেবুরঞ্জন চৌধুরী, শংকর কুমার দেব এবং জহর পোদারকে

সংবর্ধনা জানানো হয়। অনুষ্ঠানে উপস্থিত ছিলেন ত্রিপুরা হাইকোর্টের প্রধান বিচারপতি অপরেশ কুমার সিং, বিচারপতি অরিন্দম লোধ, অ্যাডভোকেট জেনারেল সিদ্ধার্থ শংকর দে সহ অন্যান্য আইনজীবীরা। বার অ্যাসোসিয়েশনের সম্পাদক সুব্রত সরকার এখবর জানান ।

\*\*\*\*\*

### Chandra Smrit Football:

ত্রিপুরা ফুটবল এসোসিয়েশন পরিচালিত চন্দ্র স্মৃতি ঘরোয়া প্রথম ডিভিশন ফুটবল প্রতিযোগিতায় এগিয়ে চলো সংঘ চ্যাম্পিয়ন ও ব্লাডমাউথ ক্লাব রানার্স হয়েছে। গতরাতে উমাকান্ত মিনি স্টেডিয়ামে নৈশালোকে সুপার লিগের শেষ খেলায় এগিয়ে চলো সংঘ ৪-০ গোলের ব্যবধানে রামকৃষ্ণ ক্লাবকে হারিয়ে দেয়। এর ফলে সুপার লিগে তিন ম্যাচে এগিয়ে চলো সাত পয়েন্ট নিয়ে একনম্বরে ও সমান ম্যাচ থেকে ব্লাডমাউথ চার পয়েন্ট সংগ্রহ করে দ্বিতীয় স্থানে রয়ে যায়। খেলার শেষে পুরস্কার বিতরণী অনুষ্ঠানে চ্যাম্পিয়ন এগিয়ে চলোকে ট্রফি সহ ১ লক্ষ টাকা প্রাইজমানি এবং রানার্স দল ব্লাডমাউথ ক্লাবকে ট্রফি সহ ৭৫ হাজার টাকা প্রাইজমানি তুলে দেয়া হয়। পুরস্কার বিতরণী অনুষ্ঠানে বিদ্যুৎমন্ত্রী রতনলাল নাথ, টিএফএ'র সভাপতি প্রণব সরকার, সচিব অমিত চৌধুরী সহ কর্মকর্তারা উপস্থিত ছিলেন।

\*\*\*\*\*

### Weather:

আগামী ২৪ ঘন্টার আবহাওয়ার পূর্বাভাসে বলা হয়েছে আকাশ সাধারণত মেঘলা থাকবে। কিছু কিছু জায়গায় হালকা থেকে মাঝারি অথবা বজ্র-বিদ্যুৎ সহ বৃষ্টিপাতের সম্ভাবনা রয়েছে। আগামী ২৪ ঘন্টায় সর্বোচ্চ তাপমাত্রা ৩০ ডিগ্রি সেলসিয়াস ও সর্বনিম্ন ২৪ ডিগ্রি সেলসিয়াসের কাছাকাছি থাকবে। আজ সকালে সর্বনিম্ন তাপমাত্রা দেখা গেছে ২৫.২ ডিগ্রি সেলসিয়াস।

\*\*\*\*\*

\*\*\*\*\*